গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫ , আগারগাঁও প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা - ১২০৭

নং-১৫.৫৮.০০০০.১০৮.২৫.০২৭.০৮(অংশ-২)/ তারিখ: ২৫ আগষ্ট ২০২১

**'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা' বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে সভার কার্যবিবরণী**

২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের ১.৩ অনুযায়ী 'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা' বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে একটি সভা ২৫/০৮/২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মোঃ নিজামূল কবীর-এর সভাপতিত্বে দপ্তরের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত দপ্তরের সকল কর্মকর্তা ও বিভিন্ন দপ্তর/সংস্থা থেকে আগত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্টতে সংযোজিত হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সার্বিক কার্যাবলী ও ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ তথ্য সর্ম্পকিত দুইটি প্রেজেন্টেশন প্রদর্শন করা হয়। সভায় উপস্থিত অংশীজন প্রতিনিধিবৃন্দ স্বদপ্তরের সম্পাদিত উদ্ভাবনী কার্যক্রম ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকে নিম্নোক্ত মতামত প্রদান করেন:

ক) জনাব মোহাম্মদ এনায়েত হোসেন , গবেষক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ:

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ সাংবাদিকদের প্রশিক্ষন ও মানোন্নয়নে বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম শুরু করেছে।ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণে যা প্রতিফলিত হয়েছে।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগুলো স্লাইডের মাধ্যমে দেখে ভালো লাগলো। ফিল্ম রিল সংরক্ষণ চলচ্চিত্রের অতীত ও বর্তমান নিয়ে গবেষণায় উদ্যোগ প্রশংসনীয়।

খ) জনাব সৈয়দা আফসানা , উপ বার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় বার্তা সংস্থা বাংলাদেশ বেতার ও দেওয়ান আশরাফুল ইসলাম, উপ-ষ্টেশন প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**
১। অনলাইনে অডিশনের আবেদন গ্রহন ও অডিশন গ্রহন
২। ফেইসবুকে ডিজিটাল কন্টেন্ট হিসেবে সংবাদ ও সর্বশেষ তথ্য প্রকাশ
৩। করোনাকালীন ডিজিটাল কন্টেন্ট নির্মাণ ও প্রচার
৪। মোবাইল হাইব্রিড (সেল ফোনের মাধ্যমে ফোন ইন প্রোগ্রাম)৫। অনুষ্ঠান ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতি ৬। বাংলাদেশ বেতার অডিও লাইব্রেরি ৭। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য ইনফোগ্রাফিক অনুষ্ঠান নির্মান

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

চলমান পাতা-০২

ক) ফিল্ম আর্কাইভ নিয়ে জনসাধারনের মাধ্যমে আগ্রহ তৈরী করতে দেশেরে বিভিন্ন বিভাগে ফিল্ম আর্কাইভের আওতায় চলচ্চিত্র ও প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে খ) ফিল্ম আর্কাইভের অত্যাধুনিক ভবন এবং এর কার্যক্রম নিঃসন্দেহে দেশের চলচিত্রে ইতিহাস ও ঐতিহ্য সংগ্রহ মূল্যবান ভূমিকা রয়েছে। উদ্বোধনী উদ্যোগগুলো সময়ের সংগে তাল মিলিয়ে জনগণের কাছে দেশের চলচিত্রের ইতিহাস তথ্য ভবিষ্যতের গবেষকদের কাছে নিয়ে যেতে সহায়ক ভূমিকা রাখতে পারে।

গ) জনাব মরজিনা ইয়াসমিন, সহকারী পরিচালক, চলচ্চিত্র  ও প্রকাশনা অধিদপ্তর।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

ক) আমার দপ্তর চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর। এ অধিদপ্তর প্রামান্যচিত্র, ডকুড্রামা, টিভিফিলার, বিশেষ চলচিত্র সংবাদচিত্র বিশেষ সংবাদ চিত্র তৈরি করে তা দেশে গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে ও বিদেশে দূতাবাসের মাধ্যমে যে প্রচারের ব্যবস্থা করে। সংরক্ষণ করে সরবরাহ করে থাকে।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ দেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য সংরক্ষণের ব্যাপারে যেভাবে কাজ করছে তা সত্যি প্রশংসনীয়। চলচিত্রগুলো সংরক্ষণের ক্ষেত্রে তাদের গৃহীত উদ্যোগ খুবই প্রশংসার দাবী রাখে। অত্যাধুনিক ফিল্ম ভল্ট, মাল্টিপারপাস অডিটোরিয়াম, প্রজেকশন, সেমিনার হল সবই বর্তমান প্রেক্ষাপটে উপযোগী উদ্যোগ।

ঘ) জনাব মোহাম্মদ মাহমুদুল হাসান, সিনিয়র তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১। PID BD ফেইসবুক আইডি এবং PID ফেইসবুক পেজের মাধ্যমে সরকারের উন্নয়নমূলক কার্যক্রম সোশ্যাল মিডিয়ায় প্রচার ।
২। অ্যাক্রিডিটেশন কার্ডের আবেদন অনলাইনে করার ব্যবস্থা।
৩। এলইডি ডিসপ্লে স্থাপন।
৪। অনলাইনে ফটোএ্যাপ্লিকেশন আয়োজন / বঙ্গবন্ধু ই-কর্ণার স্থাপন।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

১। আর্ন্তজাতিক কনফারেন্স  আয়োজনে গুরুত্বারোপ প্রয়োজনে অনলাইনে।

ঙ) জনাব শাহেলা পারভীন, সংযুক্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১. Online learning Program. ২.  ক্লাশ রুটিন ম্যানেজমেন্ট৩.  মোবাইল অ্যাপস এ ইনস্টিটিউট ম্যানেজমেন্ট সিস্টেম ৪. প্রতিষ্ঠানে আইওটি ভিত্তিক বৈদ্যুতিক লোড নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ ব্যবস্থা ৫. স্মার্ট ডাষ্টবিন  ৬. অটোমেটিক স্যানিটাইজার স্প্রে-কন্ট্রোলার।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাতটি ইনোভেশন কার্যক্রমগুলো বর্তমান ডিজিটাল যুগের একটি ভালো প্রচেষ্টা। এখান থেকে ডিজিটাল বুকসেলফ, ডিজিটাল লাইব্রেরি ডাটাবেজ সম্বন্ধে আমার জানার আগ্রহ তৈরি হলো।

চ) জনাব মোঃ জানে আলম, প্রধান শব্দ  গ্রহন প্রকৌশলী, বাংলাদেশ  চলচ্চিত্র উন্নয়ন  কর্পোরেশন।

চলমান পাতা-০৩

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১। সিডিউল সেবা সহজীকরন।
২। অনলাইন সিস্টেম চালুকরন।
৩। বিএফডিসি অ্যাপস।
৪। এপিএ হালনাগাদ।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

১। মিউজিয়াম সম্প্রসারনকরন
২। লাইব্রেরি ডিজিটাল ডাটাবেজ হালনাগাদকরন ও আধুনিকরন
৩। লনলাইনে ফটোগ্যালারী সমৃদ্ধকরন

ছ) জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১। শতভাগ ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে।
২। ভার্চুয়ালী শুনানীর মাধ্যমে সেবা সহজ করা হয়েছে।
৩। লাইব্রেরির ডিজিটাল ডাটাবেজ তৈরি করন কার্যক্রম চলমান।
৪। অনলাইন ট্রাকিং সিস্টেম পাইলট প্রোগ্রাম চলমান।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

বাংলাদেশ ফিল্ম আর্কাইভেযর উদ্ভাবনী উদ্যোগ প্রশাংসার দাবীদার। তবে ফিল্ম আর্কাইভের নিজস্ব ওয়েব সাইট আপডেট ও তথ্যবহুল এবং ফিল্ম আর্কাইভের সুযোগ সুবিধা সমূহ সম্পর্কে জনগনকে আরো অবহিত করা যেতে পারে।

জ) জনাব মোঃ শাহীন আলম, ফিল্ড অফিসার, প্রত্নতত্ব অধিদপ্তর।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১) জাদুঘর এবং প্রদর্শনী কেন্দ্রে প্রদর্শিত প্রত্ননির্দেশ/বস্তুর প্রচলিত ক্যাপশনের সাথে QR Code এর প্রচলন। পূর্বে প্রত্ননিদর্শনের ক্যাপশেন ২/৩ লাইনের তথ্য থাকতো যা একজন দর্শকের চাহিদা সম্পূর্ণ হতো না। আর ক্যাপশনে বিস্তারিত লেখা থাকলে তা প্রদর্শনীকে আর্কষনীয় করে না। তাই QR Code এর মাধ্যমে প্রচলিত ক্যাপশনের সাথে বহু তথ্য সংরক্ষণ করা হয়। যা দর্শক তার চাহিদা মত স্ক্যান করে গ্যালারী থেকে পেয়ে যেতে পারে।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্ভাবনী উদ্যোগ সর্ম্পকিত মতামত:**

১। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উদ্বোধনী উদ্যোগের ৭টি কার্যক্রম নিঃ সন্দেহে প্রশংসনীয়। তবে অনলাইন ফটোগ্যালারী এর আলোকচিত্র সমূহের ক্যাপশনের সাথে সময় উল্লেখ থাকলে ভালো হয়।

ঝ) জনাব মোঃ ফাহিম সিদ্দিকী, গবেষণা কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।

**স্ব দপ্তরের সম্পাদিত উদ্যোগ:**

১। অনলাইনে Zoom Application ব্যবহার করে সভা, সেমিনারের আবেদন
২। Zoom Application এর মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষর্ণর্থীদের ভাইবা গ্রহন এবং কোর্স পরিচালনা করা।

চলমান পাতা-০৪

২। প্রেস রিলিজ

৩। তথ্য অধিকার আইনে প্রদত্ত সেবা

৪। পরামর্শ ও অভিযোগ গ্রহন সেবা

৫। জেলা সংবাদ দাতাদের সংবাদ ও মাসিক ডায়েরি সাবমিশন সিস্টেম

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/০৫/২১

মোঃ নিজামূল কবীর
মহাপরিচালক
ফোন: ৫৮১৫৭৯৮৪

বিতরণ :-

১। সহকারী পরিচালক (মেইনটেন্যান্স),বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।

২। সহকারী পরিচালক (অপারেশন), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।

৩। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।

৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।

৫। নথি।

25/05/21

স্মিতা বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী-২